Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩০শে চৈত্র বুধবার, ১৩৭২ ইং 13th April 1966 | ৪৬শ সংখ্যা।



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Seru

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন।

• ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
সুলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।

ষ্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

৩০শে চৈত্র বুধবার সন ১৩৭২ সাল।

## শুভবাদ ও অশুভবাদ

—০—

পৃথিবীতে দুই মতবাদের লোক দেখা যায়। এক পক্ষের মত—আমাদের বাস্তব জগৎ সম্ভাবিত সকল প্রকার জগৎ হইতে শ্রেষ্ঠ; বিশ্বে চরমে অমঙ্গলের উপর মঙ্গলের প্রাধান্য বর্ত্তমান। এই প্রকার মতবাদকে ইংরাজীতে বলে—'অপ্‌টিমিজ্‌ম্' এই মতবাদীদের বলে—'অপ্‌টিমিষ্ট'।

অন্য পক্ষের মত—এই জগৎ কেবল দুঃখে ভরা। যাকে লোক সুখ বলে, তারও মধ্যে পুঞ্জীভূত দুঃখ; এই মতের লোকেরা এইভাবে বিশ্ব-নিন্দা করে। এই মতবাদকে ইংরাজীতে বলে—"পেসিমিজ্‌ম্"। এই মতবাদীদের বলে বিশ্বনিন্দুক, ইংরাজীতে বলে—"পেসিমিষ্ট"।

সাধারণ লোকের কোন মতামত নাই, তাঁহারা সুখ হলে আহ্লাদিত হন, আর দুঃখ হলে বিমর্ষ হন। আমরা একজন অপরিণত বয়স্ক অভিভাবকের দ্বারা লালিত পালিত হইয়াছি। তিনি সহজভাবে আমাদের বাল্যকালে শিখিয়ে দিয়েছেন—সুখ কেবল ব্রাহ্মণ-বাড়ীতে আসবে আর দুঃখ সব মেথর-বাড়ীতে যাবে, ডোমের বাড়ী যাবে, এটা যেন কেউ মনে না করে। শুভবাদীরও অশুভ হয়, আবার অশুভবাদীরও শুভ হয়। অশুভ কেহ চায় না, তবুও অশুভ আসবেই। আমাদের অভিভাবক বিশ্বনিন্দুক সম্প্রদায়ভুক্ত ছিলেন। তিনি অশুভ সহ্য করিবার একটা পন্থা শিখিয়ে দিয়েছিলেন। নীচের সংস্কৃত শ্লোকটি মুখস্থ করতে বলেছিলেন।

"উত্থায়োত্থায় বোধব্যং মহদ্ভয়মুপস্থিতং।
মরণ-ব্যাধি-শোকানাং কিমদ্য নিপতিষ্যতি॥"

নিদ্রাভঙ্গের পর উঠে উঠেই ভাববে—এই যে দিন এলো—আজ আমার মরণ, কিংবা ব্যাধি, কিংবা শোক হয়তো আসতে পারে। মরণ এলে সবই শেষ হয়ে যেতো। ব্যাধি এসেছে প্রত্যহ সকালে উঠে ভাবি বলে, এলেও খুব কাহিল করতে পারে না। শোক এসেছে "ন চ পুত্রসমঃ প্রিয়ঃ"। পুত্র-শোক না আসা নয়। রোজ সকালে এই অশুভেরও কথা ভাবি বলে, খুব অধীর বা সংজ্ঞাহীন হ'তে হয়নি।

---

## আগুন নিভাতে গিয়ে দমকল গাড়ীতেই আগুন

গত ৯ই এপ্রিল শনিবার শিলিগুড়ি সহরের চার মাইল দূরে মাটিগারায় একটী সামরিক লরীর সঙ্গে দমকল বাহিনীর গাড়ীর ধাক্কা লাগলে পর দমকল বাহিনীর গাড়ীর পেট্রোল ট্যাঙ্কে আগুন লাগে। ফলে আগুনে পুড়ে ৪ জন কর্ম্মী আহত হন। দুইজনের আঘাত গুরুতর। আর একটা দমকল ঘটনাস্থলে গিয়া আগুন নেভায়।

মাটিগারা অঞ্চলে আগুন লাগার খবর পেয়ে দমকল বাহিনী ছুটেছিলেন। কিন্তু পথিমধ্যে এই দুর্ঘটনা। এদিকে মাটিগারার বহু খড়ের ঘর পুড়ে ভস্মীভূত হয়।

---

## পরলোকগমন

গত ৮ই এপ্রিল শুক্রবার জঙ্গিপুরের লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক প্রভাতকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় কলিকাতা হাসপাতালে করোনারী থম্বসিস রোগে পরলোকগমন করিয়াছেন। তিনি জঙ্গিপুরের বহু জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। তাঁহার অকাল মৃত্যুতে পরিচিত সকলেই দুঃখিত হইয়াছেন। তিনি একমাত্র পুত্র ও বহু আত্মীয়-স্বজন রাখিয়া গিয়াছেন। তাঁহার পুত্র চিকিৎসা-শাস্ত্র অধ্যয়ন করিতেছে। আমরা তাঁহার স্বজন-বর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

## স্কুল কলেজ খুলেছে

১১ই এপ্রিল সোমবার থেকে পশ্চিমবঙ্গের বিদ্যায়তনগুলি খুলেছে। চব্বিশ পরগণা কলিকাতা এবং রাজ্যের অন্যান্য স্থানে গুরুতর অশান্তি, পুলিশের গুলি চালনা এবং তার প্রতিবাদে ছাত্র বিক্ষোভজনিত পটভূমিকায় পশ্চিমবঙ্গ সরকার ফেব্রুয়ারী মাসের শেষাশেষি থেকে মার্চ্চ মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে দুবার স্কুল কলেজ বন্ধ রাখার কথা ঘোষণা করেন। প্রথমে ২১শে ফেব্রুয়ারী থেকে ১লা মার্চ্চ পর্য্যন্ত কলকাতা, বর্দ্ধমান ও প্রেসিডেন্সী বিভাগের সকল স্কুল কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। বিভিন্ন জন ও ছাত্র সংস্থা এবং বিশিষ্ট নাগরিকদের পীড়াপীড়ির দরুণ ২রা মার্চ্চ থেকে আবার ঐ এলাকার স্কুল কলেজগুলি খোলার আদেশ দেওয়া হয়। কিন্তু আবার অবস্থার অবনতি ঘটায় ৫ই মার্চ্চ থেকে উক্ত অঞ্চলের বিদ্যায়তনগুলি আবার বন্ধ করে দেওয়া হয়। ইতিমধ্যে রাজ্যের বিভিন্ন এলাকায় ছাত্র-বিক্ষোভ ছড়িয়ে পড়ে। তখন ৮ই মার্চ্চ থেকে সমগ্র পশ্চিমবঙ্গের স্কুল-কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। আট মার্চ্চ থেকে দশ এপ্রিল—সুদীর্ঘ এক মাস তিন দিন একনাগাড়ে বন্ধ থাকার পর আবার রাজ্যের স্কুল-কলেজগুলি খুলেছে। স্বাভাবিক অবস্থা ফিরে আসায় সকলেই স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন। তবে রাজ্য সরকার ৬ই এপ্রিলের হরতাল শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয় কিনা সে জন্য অপেক্ষা করছিলেন। ঐ দিনটি শান্তিতে কেটে যাওয়ায় রাজ্য সরকার ৭ই এপ্রিল প্রেস নোট মারফত স্কুল-কলেজগুলি ১১ই এপ্রিল খোলার কথা ঘোষণা করেন।

### গরমের ছুটি কমে যাবে

এই দিন শিক্ষামন্ত্রী শ্রীরবীন্দ্রলাল সিংহ জানান যে, গরমের ছুটির দিক কিছু কমিয়ে দেওয়া হবে। তবে যে সব স্কুলে সকাল ও দুপুর—দুই বেলায়ই ক্লাস হয় সে সব ক্ষেত্রে হয়ত সম্ভব হবে না। তা ছাড়া গ্রামে যে সব জায়গায় টিনের বা করগেটের চাল আছে সেখানেও ছুটি কমানোর অসুবিধা আছে।

---

## এক শিক্ষক পাঠশালা

পশ্চিমবঙ্গে নিরক্ষরতা দূরীকরণের জন্য মোট ৫০০টী এক শিক্ষক পাঠশালা খোলা হচ্ছে। তার মধ্যে মুর্শিদাবাদ জেলার বরাদ্দ ৩০টী পাঠশালা। এই সব পাঠশালাতে বয়স্কদের এবং অনুন্নত সম্প্রদায়ের ছেলেমেয়েদের ছ'মাসের মধ্যে লেখন পঠনক্ষম করার ব্যবস্থা করা হয়েছে। একজন শিক্ষককে কমপক্ষে ২০টী বয়স্ক বালককে শিক্ষা দিতে হবে। এবং প্রতি ছ'মাসে ৬০০ লোক লিখতে পড়তে শিখবে।

সম্প্রতি জেলা পরিষদের উদ্যোগে মুর্শিদাবাদ জেলার অনুন্নত এলাকাগুলির মধ্যে নিম্নলিখিত ব্লকগুলিতে এক শিক্ষক পাঠশালা দেওয়া হয়েছে।

| | |
|---|---|
| নবগ্রাম (৯) | সাগরদীঘি (৪) |
| বহরমপুর (২) | রঘুনাথগঞ্জ (২) |
| খড়গ্রাম (৩) | জিয়াগঞ্জ (২) |
| ভগবানগোলা (৩) | নওদা (২) |
| সুতী (১) | ভরতপুর (২) |

---

## সীমান্তে নিষেধাজ্ঞা

মুর্শিদাবাদ জেলা সমাহর্ত্তা শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায় মহাশয় পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনের ২০ ধারানুযায়ী প্রচারিত এক আদেশবলে ১৫ই এপ্রিল হইতে ১৪ই জুলাই ১৯৬৬ পর্য্যন্ত মুর্শিদাবাদ জেলার ভারত পাকিস্থান সীমান্তের পাঁচ মাইল পর্য্যন্ত ভূখণ্ডে সন্ধ্যা থেকে ভোর পর্য্যন্ত যে কোন প্রকার যানবাহনে অথবা মনুষ্যবাহিত হয়ে গৃহপালিত পশুসহ সর্ব্বপ্রকার আবশ্যকীয় পণ্য সামগ্রীর চলাচল এবং হাটে বাজারে দোকানে ক্রয় বিক্রয় নিষিদ্ধ কোরেছেন। কেবলমাত্র যথাযথ লাইসেন্স প্রাপ্ত ঔষধের দোকান, জেলা শাসন কর্ত্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় আদেশনামা-প্রাপ্ত কলিকাতা শিলিগুড়ি জাতীয় সড়কে কিংবা বহরমপুর জঙ্গিপুর ষ্টেট সড়কে চলাচলকারী যানসমূহের এবং প্রকৃত মৎস্যজীবীদের ক্ষেত্রে এই আদেশ আবশ্যকমত শিথিল করা হবে অথবা প্রযোজ্য হবে না। এই আইন অমান্য করিলে দণ্ডনীয় হইতে হইবে।

—জেলা প্রচার দপ্তর

---

## ১৯৬৭-এর চূড়ান্ত নির্বাচনী এলাকা

১৯৬৬-এর ১৪ই ফেব্রুয়ারী, তারিখে অতিরিক্ত কলিকাতা গেজেটে পশ্চিম বাংলার অন্যান্য জেলার সঙ্গে মুর্শিদাবাদ জেলার যে নির্ব্বাচনী এলাকা প্রকাশিত হয়েছে তাতে দেখা যাচ্ছে যে জেলায় তিনটি লোকসভা কেন্দ্র এবং আটটি বিধানসভা কেন্দ্র থাকছে।

লোকসভা কেন্দ্র বহরমপুর—নওদা, বহরমপুর, বেলডাঙ্গা, কান্দী, খড়গ্রাম, বরঞা, ভরতপুর বিধানসভা কেন্দ্র নিয়ে।

লোকসভা কেন্দ্র মুর্শিদাবাদ—লালগোলা, ভগবানগোলা, নবগ্রাম, মুর্শিদাবাদ, জলঙ্গী, ডোমকল হরিহরপাড়া, বিধানসভা কেন্দ্র নিয়ে।

লোকসভা কেন্দ্র জঙ্গিপুর—ফরাক্কা, সুতী, জঙ্গিপুর, সাগরদীঘি এবং মালদহ জেলার মাণিকচক সুজাপুর, কালিয়াচক বিধানসভা কেন্দ্র নিয়ে।

ফরাক্কা বিধানসভা—ফরাক্কা থানা, সামসেরগঞ্জ থানা ( নিমতিতা, চাচণ্ড, দোগাছি, নপাড়া, ভাসাই পাইকর অঞ্চল পঞ্চায়েৎ বাদে )

সুতী—নিমতিতা, চাচণ্ড, দোগাছি, নপাড়া, ভাসাই পাইকর এবং সুতী থানা ( বংশবাটী, আহিরণ অঞ্চল পঞ্চায়েৎ বাদে )

জঙ্গিপুর—বংশবাটী, আহিরণ, রঘুনাথগঞ্জ থানা ( শেখালীপুর, মির্জাপুর, জরুর, জামুয়ার অঞ্চল পঞ্চায়েৎ এবং দয়ারামপুর ইউনিয়ন বাদে )

সাগরদীঘি—( তপশীলী ) সাগরদীঘি থানা মির্জাপুর, জরুর, জামুয়ার।

লালগোলা—শেখালীপুর, দয়ারামপুর, লালগোলা থানা।

ভগবানগোলা—ভগবানগোলা থানা।

নবগ্রাম—নবগ্রাম এবং জিয়াগঞ্জ থানা।

মুর্শিদাবাদ—মুর্শিদাবাদ থানা, রাণীনগর থানা ( রাজপুর, কাতলামারী, রাণীনগর, কালীনগর অঞ্চল পঞ্চায়েৎ বাদে )

জলঙ্গী—রাজপুর, কাতলামারী, রাণীনগর, কালীনগর, ধলোরী এবং জলঙ্গী থানা ( ফরিদপুর, সাদিখাঁরদেয়াড়, চোঁয়াপাড়া বাদে )

ডোমকল—ডোমকল থানা ( ধলোরী বাদে ) এবং ফরিদপুর, সাদিখাঁরদেয়াড়, চোঁয়াপাড়া।

নওদা—নওদা থানা এবং বেলডাঙ্গা থানার আন্দুলবেরিয়া, কাশীপুর, কাপাসডাঙ্গা, রামপাড়া অঞ্চল পঞ্চায়েৎ।

হরিহরপাড়া—হরিহরপাড়া থানা এবং মদনপুর, ছয়ঘড়ি, দৌলতাবাদ, গুরুদাসপুর, হাতিনগর অঞ্চল পঞ্চায়েৎ।

বহরমপুর—বহরমপুর থানা ( মদনপুর, ছয়ঘড়ি, দৌলতাবাদ, গুরুদাসপুর, হাতিনগর, সাজদাপুর, রাঙ্গামাটি, চাঁদপাড়া এবং সাটুই, চৌরিগাছা অঞ্চল পঞ্চায়েৎ বাদে )

বেলডাঙ্গা—বেলডাঙ্গা থানা ( আন্দুলবেরিয়া, কাশীপুর, কাপাসডাঙ্গা, রামপাড়া, সোমপাড়া, রামনগর বাছরা অঞ্চল পঞ্চায়েৎ বাদে )

ভরতপুর—বেলডাঙ্গা থানার সোমপাড়া, রামনগর বাছরা সহ ভরতপুর থানা ( গড্ডা, তালগ্রাম, জজান, গুন্দিরিয়া, সালু অঞ্চল পঞ্চায়েৎ বাদে )

কান্দী—কান্দী থানা এবং বহরমপুর থানার সাজদাপুর, রাঙ্গামাটি চাঁদপাড়া, সাটুই চৌরিগাছা।

খড়গ্রাম—( তপশীলী ) খড়গ্রাম থানা এবং বরঞা থানার কল্যাণপুর ও খর্জুনা অঞ্চল পঞ্চায়েৎ।

বরঞা—বরঞা থানা ( কল্যাণপুর ও খর্জুনা অঞ্চল পঞ্চায়েৎ বাদে ) এবং ভরতপুর থানার গড্ডা, তালগ্রাম, জজান, গুন্দিরিয়া, সালু অঞ্চল পঞ্চায়েৎ।

---

## লেভি হইতে অব্যাহতি

পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত করেছেন যে, ১৯৬৬ সালের ২৮শে মার্চ্চ থেকে সেচ ব্যবস্থাযুক্ত এলাকার ৫ একর আমন ধান জমির মালিক এবং সেচের ব্যবস্থা নেই এমন জায়গায় ৭ একর পরিমিত ধান-জমির মালিকদের ১৯৬৫ সালের পশ্চিমবঙ্গ খাদ্যশস্য সংগ্রহ ( লেভি ) আদেশ অনুযায়ী লেভি প্রদানের দায় থেকে সম্পূর্ণভাবে অব্যাহতি দেওয়া হইবে।

---

## পরীক্ষায় সাফল্য

রঘুনাথগঞ্জের স্বর্গীয় পঞ্চানন চট্টোপাধ্যায় মহাশয়ের ষষ্ঠ পুত্র জঙ্গিপুর মহাবিদ্যালয়ের গ্রন্থাগারিক শ্রীবিশ্বপতি চট্টোপাধ্যায় এবারে বঙ্গভাষায় এম-এ পরীক্ষা দিয়া কৃতকার্য্য হইয়াছেন। তাঁহার কৃতিত্বে আমরা আনন্দিত হইয়াছি।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি. কে, সেনের
**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস. কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও গোডাউন
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫
ফোন: ৫৫-৪৩৬৬

---

## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

হাতে কাটা
### বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)